

২০২০

বাংলা

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমিস্টার

কোর্স কোড : BNGH/GE-T-2

(বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) :

গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) ফোর্ট উইলিয়াম কলেজের লেখকদের মধ্য থেকে দুজন লেখকের নাম লেখো।

খ) রামমোহনকে 'ভারত পথিক' কে বলেছিলেন? কেন বলেছিলেন?

গ) 'চতুর্দশপদী কবিতাবলী' — কার লেখা? প্রকাশকাল লেখো।

ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা বিখ্যাত উপন্যাস কোন্টি? ওই উপন্যাসের একটি গুরুত্বপূর্ণ চরিত্রের নাম লেখো।

ঙ) দীনবন্ধু মিত্রের লেখা দুটি গ্রন্থের প্রকাশকালসহ নাম লেখো।

চ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? প্রকাশকাল উল্লেখ করো।

ছ) প্রাচীন বাংলা ভাষার সময়কাল হিসাবে কোন্ সময়কে গণ্য করা হয়? এই পর্বের একটি লেখ্য নিদর্শনের নাম লেখো।

জ) ঝাড়খণ্ডী উপভাষা প্রধানত কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার একটি বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।

ঝ) কোন্টি কোন্ ধরনের ধ্বনি পরিবর্তন তা নির্দেশ করো :
বাসাতা, চাঁদ, আম্পর্ষা, রতন

ঞ) বাংলা ভাষায় প্রচলিত দুটি পর্তুগিজ শব্দ ও দুটি ফরাসি শব্দের দৃষ্টান্ত দাও।

ট) অপিনিহিতি কাকে বলে? দৃষ্টান্ত দাও।

ঠ) বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

ড) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি স্বদেশচেতনামূলক উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো।

ঢ) বচন কাকে বলে? বাংলা ভাষায় বচন কত প্রকার ও কী কী?

ণ) দ্বিজেন্দ্রলাল রায় কোন্ ধরনের নাটক রচনায় প্রসিদ্ধ ছিলেন? তাঁর ওই শ্রেণীর একটি নাটকের নাম উল্লেখ করো।

২। ক-বিভাগ থেকে যে-কোনো তিনটি এবং খ-বিভাগ থেকে যে-কোনো একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

বিভাগ - ক

ক) কাজী নজরুল ইসলামের কবিতায় সাম্প্রদায়িকতা ও সামাজিক অনাচারের বিরুদ্ধে যে প্রতিবাদ ধ্বনিত হয়েছে সে সম্পর্কে তোমার অভিমত বুঝিয়ে দাও।

- খ) ‘বঙ্গদর্শন’ — পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? বাংলা সাহিত্যের প্রসারে এই পত্রিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।
- গ) টীকা লেখ (যে-কোনো দুটি) :
গল্পগুচ্ছ, বনলতা সেন, সীতার বনবাস, নীলদর্পণ
- ঘ) বাংলা নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান বুঝিয়ে দাও।

বিভাগ - খ

- ঙ) সাধুভাষা ও চলিত ভাষা বলতে তুমি কী বোঝ? এই দুই ভাষার মধ্যে যে পার্থক্য রয়েছে সে বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো।
- চ) টীকা লেখো (যে-কোনো দু’টি) :
অভিশ্রুতি, স্বরভক্তি, দেশী শব্দ, স্বরাগম
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- ক) বাংলা সাহিত্যে মধুসূদন দত্তের নানাবিধ ভূমিকা সম্পর্কে আলোচনা করো।
- খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।
- গ) ‘বীরবল’ ছদ্মনামে কে পরিচিত? বাংলা গদ্যরীতিতে তাঁর অবদান সম্পর্কে লেখো।
- ঘ) শরৎচন্দ্রের উপন্যাসে বাংলার যে সমাজচিত্র ফুটে উঠেছে সে সম্পর্কে তোমার অভিমত বুঝিয়ে দাও।

—————